



আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা।

Website: www.bb.org.bd

ডিএফআইএম সার্কুলার লেটার নং-০৭

তারিখ: ১৩ বৈশাখ ১৪৩০
২৬ এপ্রিল ২০২৩

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান।

প্রিয় মহোদয়,

আর্থিক প্রতিষ্ঠানসমূহের পরিচালক নিয়োগ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে ডিএফআইএম সার্কুলার নং-০৯, তারিখ: ২৯ আগস্ট ২০২২ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। উক্ত সার্কুলারের মাধ্যমে আর্থিক প্রতিষ্ঠানের পরিচালকগণের যোগ্যতা ও উপযুক্ততার শর্তাবলী এবং নিয়োগ প্রক্রিয়া নির্ধারণ করা হয়েছে।

২। এক্ষণে, উক্ত সার্কুলারের (৪)নং ক্রমিকে প্রদত্ত নির্দেশনার স্পষ্টীকরণের নিমিত্তে বর্ণিত অনুচ্ছেদটি নিম্নরূপে প্রতিস্থাপন করা হলো-

- (৪) (ক) কোনো আর্থিক প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদে কোনো প্রতিষ্ঠান বা কোম্পানির পক্ষে একের অধিক ব্যক্তি প্রতিনিধি পরিচালক নিযুক্ত হতে পারবেন না।
- (খ) কোনো ব্যক্তি কোনো আর্থিক প্রতিষ্ঠানের পরিচালক থাকা অবস্থায় তাঁর স্বার্থসংশ্লিষ্ট পক্ষ হতে মনোনীত অন্য কোন ব্যক্তি উক্ত আর্থিক প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদে প্রতিনিধি পরিচালক হিসেবে নিযুক্ত হতে পারবেন না।
- (গ) কোনো আর্থিক প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদে কোনো প্রাকৃতিক ব্যক্তিসত্তা বিশিষ্ট ব্যক্তি শেয়ারধারকের পক্ষে অপর কোন ব্যক্তি প্রতিনিধি পরিচালক হিসেবে নিযুক্ত হতে পারবেন না।

৩। এতদ্ব্যতীত, ডিএফআইএম সার্কুলার নং ০৯/২০২২ এ বর্ণিত অন্যান্য সকল নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ১৮(ছ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত

(মোঃ আমির উদ্দিন)
পরিচালক (ডিএফআইএম)
ফোনঃ ৯৫৩০১৭৮